

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৩৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «صَلُّوا فِي مَرَابِضِ الْغَنَمِ وَلَا تُصَلُّوا فِي أَعْطَانِ الْإِبِلِ» . رَوَاهُ التِّرْمِذِيِّ

#### বাংলা

৭৩৯-[৫১] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ছাগল বাঁধার স্থানে সালাত আদায় করতে পারো, উট বাঁধার স্থানে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে না। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ৩৪৮, সহীহুল জামি' ৩৭৮৭, ইরওয়া ৭৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ছাগল বাঁধবার স্থানে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে পারো। হাদীসে যে অবকাশসূচক শব্দ ব্যবহার করা হয়েছে এর দ্বারা মুবাহ বা বৈধতা বুঝানো উদ্দেশ্য। পাশাপাশি ছাগল বাঁধার স্থানকে উট বাঁধার স্থানের সাথে পৃথক করা হয়েছে। কোন ব্যক্তির প্রশ্নের জবাব হিসেবেও এ হাদীসকে ব্যাখ্যা করা যায়। অতএব উট বাঁধার স্থানে বা উটশালায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় হারাম, সালাত আদায় করলে তা বৈধ হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55296}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন